# আর্থিক সচেতনতা বার্তা ( ফেম )

## আর্থিক অন্তর্ভুক্তি ও উন্নয়ন বিভাগ, কেন্দ্রীয় কার্যালয়

# Financial Awareness Messages (FAME)

## FIDD, Central Office



দাবি পরিত্যাগী (Disclaimer)

এই বইটি পাঠককে আর্থিক ভাবে শিক্ষিত করে তোলার আন্তরিক উদ্দেশ্য নিয়ে শিক্ষণীয় বা শিক্ষাদানের মাধ্যম হিসাবে উপস্থাপিত হয়েছে। কোন নির্দিষ্ট আর্থিক পণ্য বা পরিষেবা সংক্রান্ত কোন সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে প্রভাবিত করা এটির অভিপ্রায় নয়।

গ্রন্থস্বত্ব

উৎস স্বীকার সাপেক্ষে পুনর্মুদ্রণ অনুমোদিত

দ্বিতীয় সংস্করণ - নভেম্বর ২০১৬

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক মুদ্রিত

**ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক**
ভারতের কেন্দ্রীয় ব্যাঙ্ক
আর্থিক অন্তর্ভুক্তি ও উন্নয়ন বিভাগ, কেন্দ্রীয় কার্যালয়
দশম তল, শহীদ ভগৎ সিং মার্গ
ফোর্ট , মুম্বই- ৪০০০০১

# সূচিপত্র


| | | পৃষ্ঠা সংখ্যা |
|---|---|---|
| বার্তা ১ | ব্যাঙ্কে খাতা খোলার সময় যে নথিগুলি(KYC) দিতে হবে | ৪ |
| বার্তা ২ | বাজেট করা, সঞ্চয় করা এবং বিচক্ষণতার সঙ্গে ঋণ গ্রহণের গুরুত্ব | ৫ |
| বার্তা ৩ | আপনার আমানত এবং আমানত খাতাসমূহ সম্পর্কে আরো জানুন | ৬ |
| বার্তা ৪ | সময়ে ঋণ পরিশোধ ক'রে একটি ভালো ঋণমান (CREDIT SCORE) বজায় রাখুন | ৭ |
| বার্তা ৫ | ডিমান্ড ড্রাফট এবং চেক কে বলুন বিদায়; বৈদ্যুতিন মাধ্যম দ্বারা অর্থ হস্তান্তর/ স্থানান্তর বা অর্থগ্রহন শুরু করুন | ৮ |
| বার্তা ৬ | ব্যাঙ্ক পরিষেবা আপনার দোরগোড়ায় বা আপনার সন্নিকটে | ৯ |
| বার্তা ৭ | ব্যাঙ্কে বা ব্যাঙ্কিং লোকপাল (OMBUDSMAN) - এর নিকট অভিযোগ দাখিল করার পদ্ধতি জানুন | ১০ |
| বার্তা ৮ | বিনামূল্যে মধ্যাহ্নভোজ সম্ভব কি! প্রতারিত হবেন না | ১১ |
| বার্তা ৯ | ঝামেলামুক্ত ATM অভিজ্ঞতা লাভের জন্য যে বিষয়গুলি মনে রাখুন | ১২ |
| বার্তা ১০ | আপনার কষ্টার্জিত অর্থ শুধুমাত্র নিবন্ধিত সংস্থাতেই বিনিয়োগ করুন | ১৩ |
| বার্তা ১১ | অপবিক্রয় (মিস সেলিং) - কোন আমানত জমা করতে ব্যাঙ্কে গেলেন কিন্তু ফিরে এলেন এমন একটি বীমা প্রকল্প নিয়ে যা আপনি বুঝছেন না | ১৪ |




## বার্তা ১

## ব্যাঙ্ক খাতা খোলার সময় যে নথিগুলি (KYC ) দিতে হবে

- একটি পরিচয়ের প্রমান ও ঠিকানার প্রমান এবং একটি সাম্প্রতিক তোলা ছবিই ব্যাঙ্কে খাতা খোলার জন্য যথেষ্ট।
- আপনার আধার কার্ড,ড্রাইভিং লাইসেন্স, ভোটার পরিচয়পত্র, পাসপোর্ট বা NREGA কার্ড আপনার পরিচয় এবং ঠিকানা উভয়ের প্রমান। PAN কার্ড শুধু পরিচয়ের প্রমান হিসাবে ব্যবহৃত হতে পারে।




- যদি আপনার বর্তমান ঠিকানা ব্যাঙ্কে দাখিল করা ঠিকানার থেকে আলাদা হয় তবে আপনার নতুন ঠিকানা সহ একটি ঘোষণা পত্র দেওয়াটাই যথেষ্ট।
- এমনকি পরিচয় এবং ঠিকানার প্রমান পত্র না থাকলেও সাম্প্রতিক ছবি ও দস্তখত দাখিল করেই আপনি ব্যাঙ্কে ক্ষুদ্র জমা খাতা (Small A/C) খুলতে পারেন। এই খাতায় জমার সর্বোচ্চ পরিমান হবে ৫০০০০ টাকা , প্রতি মাসে মোট ১০,০০০ টাকা পর্যন্ত তুলতে পারবেন, প্রতি আর্থিক বছরে জমারাশির মোট পরিমান ১.০০ লক্ষ টাকা পর্যন্ত হতে পারে।








## বার্তা ২


## বাজেট করা, সঞ্চয় করা এবং বিচক্ষণতার সাথে ঋণ গ্রহণের গুরুত্ব

➢ **বাজেট করা ও সঞ্চয় করা:** আয় ও ব্যয়ের আগাম পরিকল্পনাকেই বাজেট বলে যা আপনি ব্যয় করা বা সঞ্চয় করার নির্দেশিকা হিসেবে ব্যবহার করতে পারেন। প্রত্যেক পরিবারে আয় ও ব্যয়ের আগাম পরিকল্পনা করা এবং তা কঠোরভাবে অনুসরণ করা উচিত। মাসিক বাজেট করা এবং বাজেট নির্দেশিত খাত অনুযায়ী খরচ করার প্রতি সনিষ্ঠ থাকাই আদর্শ।




ব্যয়ের চেয়ে আয় যতটা বেশি তাকেই বলে উদ্বৃত্ত। এই উদ্বৃত্ত অর্থ
কোনো অভাবিত ঘটনা (যেমন দুর্ঘটনা, প্রাকৃতিক দুর্যোগ, কর্মচ্যুতি ইত্যাদি) বা জীবনের গুরুত্বপূর্ণ ঘটনা(যেমন বিয়ে, সন্তানের শিক্ষা, ভ্রমণ, বাড়ি বা গাড়ি কেনা ইত্যাদি)-র জন্য সক্রিয়ভাবে সঞ্চয় বা বিনিয়োগ করা উচিত।

আমাদের যখন কর্মক্ষমতা থাকবে না (যেমন অবসর পরবর্তী সময়) তখন সঞ্চয় আমাদের সাহায্য করবে।



➢ **সঞ্চয়ের গুরুত্ব:** ব্যয় করার পূর্বেই আমাদের আয়ের একটি অংশ নঞ্চয় করা উচিত।

প্রথমতঃ সঞ্চয় করা উচিত কোনো নিরাপদ মাধ্যমে(Instrument) এবং নিরাপদ সংস্থাতেই। কষ্টার্জিত অর্থ ঝুঁকিপূর্ণ / অনিয়ন্ত্রিত সংস্থায় বা মাধ্যমে বিনিয়োগ করলে আপনার অর্থ খোয়া যেতে পারে। তাই নিরাপদ সংস্থা বা মাধ্যমে (Instrument) সঞ্চয় করা গুরুত্বপূর্ণ।

দ্বিতীয়তঃ ভবিষ্যতে পরিকল্পিত বা অপরিকল্পিত খাতে ব্যয় করার জন্যই সঞ্চয়। যেখান থেকে আপনার প্রয়োজনের সময় অর্থ তুলে নিতে পারবেন তেমন মাধ্যম বা সংস্থাতেই সঞ্চয় বিনিয়োগ করা বেশি ভালো।

তৃতীয়তঃ এই বিনিয়োগ থেকে কিছু প্রাপ্তি আপনার থাকা উচিত যা আপনাকে মুদ্রাস্ফীতির হাত থেকে রক্ষা করবে।

➢ **ধার করা বা ঋণগ্রহণ:** মান বজায় থাকবে এমন সম্পদে বিনিয়োগ করতেই ঋণ নিন, দৈনন্দিন খরচের তহবিল সৃষ্টির জন্য নয়। ভালো ঋণের উদাহরণ হলো বাড়ি করার জন্য বন্ধকী ঋণ, সন্তানের উচ্চশিক্ষার জন্য শিক্ষাঋণ ইত্যাদি।

➢ **ব্যাঙ্ক বনাম মহাজন:** ব্যাঙ্ক সবসময়েই মহাজনের চেয়ে ভালো কারণ, ব্যাঙ্ক, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক দ্বারা নিয়ন্ত্রিত, ব্যাঙ্ক স্বচ্ছ এবং মহাজনের মতো অতিরিক্ত বোঝা চাপায় না। ব্যাঙ্কে, তথ্য সাপেক্ষে সুনির্দিষ্ট অভিযোগ প্রতিবিধানের পদ্ধতি বিবৃত আছে।



## বার্তা ৩

## আপনার আমানত এবং আমানত খাতাসমূহ (Accounts) সম্পর্কে আরো জানুন



- শুধুমাত্র সাধারণ জমা খাতায় আপনার অর্থ ফেলে রাখবেন না কারণ তা আপনাকে ভালো আয় দিতে পারেনা। যখনই কোনো থোক টাকা পাবেন তখনই বিনিয়োগ করুন স্থায়ী আমানত প্রকল্পে, আবার যখন চাইবেন নিয়মিত সঞ্চয়, তখন আবর্তক জমা (Recurring Deposit) আমানত খুলুন।

- আপনার ব্যাঙ্কের জমা খাতা বা ব্যাঙ্কের নিরাপদ হেফাজতে থাকা সামগ্রী-গুলির জন্য একজন ভবিষ্যৎ দাবিদার, যাকে আপনার বিশ্বস্ত মনে হয়, তাকে মনোনীত করুন। আপনার প্রিয় নিকটজনের স্বার্থে এই মনোনয়ন। ব্যাঙ্কে খাতা খুলবার সময়েই মনোনয়ন পত্র পূরণ করুন। মনোনীত দাবীদার থাকলে আপনার পরিবারের জীবিত সদস্যদের দাবির মীমাংসা দ্রুত করা সম্ভব এবং পরিবারের জীবিত সদস্যদের কষ্ট কম হয়। "যেকোনো একজন বা জীবিত জন", "পূর্বতন বা জীবিত জন" অথবা "যৌথ খাতা" হল ব্যাঙ্কের লেনদেন সংক্রান্ত কাজের নির্দেশিকা। সতর্কতার সাথে সেটি দাখিল করুন।




- আপনার স্থায়ী / মেয়াদী আমানত থেকে মেয়াদপূরণের আগেই কোনো প্রয়োজনে অর্থ পেতে চাইলে আপনাকে বিনিয়োগকালেই এই বিকল্প বেছে নেওয়া সুনিশ্চিত করতে হবে।

  পেনশন প্রাপকরা তাঁদের বিদ্যমান সাধারণ জমা খাতা পেনশন প্রাপ্তির জন্য ব্যবহার করতে পারবেন। আপনার স্ত্রী বা স্বামীর সঙ্গে যৌথভাবে খাতা খুলুন এবং দাবীদার মনোনয়নপত্র জমা দিন অথবা ব্যাঙ্কে "যেকোনো একজন বা জীবিত জন", "পূর্বতন বা জীবিত জন" আদি লেনদেন সংক্রান্ত কার্যনির্দেশিকা দাখিল করুন। প্রয়োজন হলে আপনি আপনার পেনশন খাতা অন্য শাখায় এমনকি অন্য ব্যাঙ্কেও বদলে নিতে পারেন।


- আপনার জীবন প্রমাণপত্র প্রতি বছর November মাসে, আপনার ব্যাঙ্কের শাখায় জমা দেবার কথা মনে রাখুন। বাস্তব জীবন প্রমাণীকরণের বদলে এখন আপনি একটি বৈদ্যুতিন জীবন প্রমাণপত্র জমা দিতে পারেন, যা আধার সংখ্যাভিত্তিক বায়োমেট্রিক প্রমাণীকরণ ব্যবস্থা সম্পন্ন। আপনি www.jeevanpraman.gov.in দেখুন এবং জীবন প্রমাণপত্র আপনার ব্যাংকে মোবাইল মারফত পাঠাতে পারেন।



## বার্তা ৪

### সময়ে ঋণ পরিশোধ করে ভালো ঋণমান (Credit Score) বজায় রাখুন

- বিচক্ষণতার সাথে ঋণ নিন এবং যাচাই করুন যে ঋণটি আপনার পরিশোধ ক্ষমতার মধ্যে আছে কিনা।
- নিশ্চিত করুন যে আপনি ঋণ পরিশোধের কোনো কিস্তি (Repayment instalment) খেলাপ (miss) করছেন না।
- ব্যাঙ্ক আপনার ঋণমান (Credit Score) এবং ঋণ ইতিহাস (Credit History) যাচাই করে তবেই আপনাকে অপর একটি ঋণ প্রদান করে।




- পরিশোধ বা ঋণ নিষ্পত্তি কাজে বিলম্ব আপনার ঋণমান / ঋণ ইতিহাসকে বিরূপ ভাবে প্রভাবিত করে। পরিশোধে বিলম্ব হতে পারে এমন ক্ষেত্রে আপনার ব্যাংককে জানিয়ে রাখুন।
- পরে নয়, আগেই ঋণ শোধ করুন কারণ এটি একটি ভালো ঋণ ইতিহাস / ঋণমান (Credit Score) সৃষ্টি করে যা আপনাকে ভবিষ্যতে ব্যক্তিগত / ব্যবসার জন্য আরো ঋণ পেতে সাহায্য করে।
- আপনার ঋণ ইতিহাস এবং আরো কিছু প্রাসঙ্গিক শর্তের উপর নির্ভরশীল আপনার ঋণমান (Credit Score)। যত বেশি ঋণমান তত বেশী আপনার ঋণ যোগ্যতা এবং তত বেশী দায়িত্বশীল ঋণগ্রহীতা আপনি।








## বার্তা ৫

## ডিমান্ড ড্রাফট এবং চেক- কে বলুন বিদায় , শুরু করুন বৈদ্যুতিন স্থানান্তর এবং গ্রহণ পদ্ধতি

**এন. ই. এফ. টি (NEFT)** দেশের যে কোনো অংশে কাউকে কয়েক ঘন্টার মধ্যে অর্থ স্থানান্তর করুন। এন. ই. এফ. টি ( NEFT) সাধারণ কাজের দিনে এবং কার্যরত শনিবারে সকাল ৮.০০ টা থেকে সন্ধ্যা ৭.০০ টা পর্যন্ত কার্যকরী থাকে।



**আর টি জি এস (RTGS)** আপনার যদি তাৎক্ষণিক অর্থ স্থানান্তর করতে হয় এবং তার পরিমান যদি ২ লক্ষ টাকা বা তার বেশী হয় তবে আপনি আর.টি.জি.এস. ( Real Time Gross Settlement) মাধ্যম ব্যবহার করতে পারেন। গ্রাহকদের জন্য সাপ্তাহিক কাজের দিনে ও কার্যরত শনিবারে ৮.০০ টা থেকে বিকেল ৪.৩০ পর্যন্ত কার্যকরী থাকে।



**আই এম পি এস (IMPS)** কাউকে তাৎক্ষণিক অর্থ প্রদান করতে আই.এম.পি.এস. (Immediate Payment Service) ব্যবহার করতে পারেন। হস্তান্তর হবে সপ্তাহের ৭ দিনই ২৪ ঘন্টা, এমনকি ব্যাঙ্কের ছুটির দিন বা রবিবারেও।

আপনার ব্যাঙ্ক দ্বারা প্রদত্ত ব্যবস্থা যেমন ইন্টারনেট ব্যাঙ্কিং, মোবাইল ব্যাঙ্কিং ইত্যাদির মাধ্যমে আপনি উপরোক্ত পরিষেবা পেতে পারেন।

**ইউ.পি.আই. [UPI (Unified Payment Interface)]**


UPI টাকা প্রদান ও গ্রহণের অত্যন্ত দ্রুত পদ্ধতি যা ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর, IFSC, ATM / Debit Card নম্বর আদি প্রাপকের বিবরণ ছাড়াই Virtual Payment Address ব্যবহার করে কাজ করে। আপনি সপ্তাহের ৭ দিন ২৪ ঘন্টাই, ব্যাঙ্কের ছুটির দিন বা রবিবারেও অর্থ প্রেরণ করতে পারেন। যে সমস্ত ব্যবসায়ী UPI কে প্রদান মাধ্যম হিসাবে বেছে নিয়েছেন তাদের আপনি UPI মারফৎ অর্থপ্রদান করতে পারবেন। আপনার স্মার্টফোনে এই UPI প্রয়োগ মাধ্যম ডাউনলোড করতে হবে এবং এটি ব্যবহার করতে জানতে হবে।



## বার্তা ৬

## ব্যাঙ্ক পরিষেবা আপনার দোরগোড়ায় বা আপনার সন্নিকটে

- ব্যাঙ্কিং এর প্রয়োজনে আপনার ব্যাঙ্কে যাওয়ার দরকার নেই, ব্যাঙ্কমিত্রর কাছে যেতে পারেন। ব্যাঙ্কমিত্র (Business Correspondent) হলো ব্যাঙ্ক দ্বারা নিযুক্ত একজন প্রতিনিধি। আপনি আপনার নিকটবর্তী ব্যাঙ্ক শাখাতে আপনার এলাকার ব্যাঙ্কমিত্রর উপলব্ধতা সম্পর্কে খোঁজ নিতে পারেন। আপনি PMJDY ওয়েবসাইটে http://pmjdy.gov.in/g লিংকে গিয়েও আপনার এলাকায় সক্রিয় ব্যাঙ্কমিত্র সম্পর্কে জানতে পারেন।
- কোন ব্যাক্তি বা গোষ্ঠী যেমন এন. জি. ও. (NGOs), স্বনির্ভর গোষ্ঠী (SHGs), অসামরিক সামাজিক সংগঠন (Civil Society Organisation), ডাকঘর (Post Offices), প্রাথমিক কৃষি ঋণ সংস্থা (Primary Agricultural Credit Society), ক্ষুদ্র অর্থলগ্নি সংস্থা (Micro Finance Institutions), জমা নেয় না এমন এন.বি.এফ.সি. (Non-deposit accepting NBFCs), পেমেন্ট ব্যাঙ্ক (Payment Banks) ইত্যাদিকে ব্যাঙ্কমিত্র বা বি. সি. (BC) হিসেবে ব্যাঙ্ক নিযুক্ত করে থাকে।
- ব্যাঙ্কমিত্র (BC) ল্যাপটপ (Laptop), হাতে ধরা যন্ত্র (Handheld Device) বা মোবাইল (Mobile) ব্যবহার করে আপনাকে ব্যাঙ্কের সাথে সংযুক্ত করে।
- সন্দেহ হলে ব্যাঙ্কমিত্রের নাম ও বিশদ বিবরণ ব্যাঙ্ক থেকে জেনে নিন।
- ব্যাঙ্কমিত্র মারফৎ আপনি ব্যাংকে খাতা খুলতে পারেন, টাকা জামা দিতে বা তুলতে পারেন, ঋণ এর দরখাস্ত করতে পারেন, ক্ষুদ্র বীমা পরিষেবা গ্রহণ করতে পারেন, আপনার খাতায় জমা বা খাতা থেকে অর্থ স্থানান্তর করতে পারেন।
- ব্যাঙ্কমিত্র প্রদত্ত পরিষেবায় সন্তুষ্ট না হলে আপনি ব্যাংকে অভিযোগ দায়ের করতে পারেন।






## বার্তা ৭

## ব্যাঙ্কে বা ব্যাঙ্কিং লোকপাল (Banking Ombudsman) -এর নিকট অভিযোগ দায়ের করার পদ্ধতি জানুন

ব্যাঙ্কের শাখায় থাকা অভিযোগ বইতে (Register) আপনার অভিযোগ পূরণ করুন। যদি কাছাকাছি না পান তবে এটি দিতে বলুন অথবা অনলাইনে দাখিল করুন।

➢ অভিযোগ প্রতিবিধানকারী আধিকারিকদের নাম ব্যাঙ্কশাখাতে প্রদর্শিত না থাকলে তাঁদের নাম জিজ্ঞেস করুন। অভিযোগ নিরসনের জন্য প্রতিটি ব্যাঙ্কের একজন নোডাল অফিসার বা দায়িত্বপ্রাপ্ত আধিকারিক থাকেন।




আপনার অভিযোগ একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে নিরসন হওয়া উচিত। যদি না হয়, ব্যাঙ্ক আপনাকে সময়ের মধ্যে অভিযোগ নিরসন করতে না পারার কারণ জানাবে।

➢ ব্যাঙ্ক যদি আপনার অভিযোগ এক মাসের মধ্যে নিরসন না করে তবে RBI এর ব্যাঙ্কিং লোকপালের কাছে যান। RBI এর ব্যাঙ্কিং লোকপাল প্রকল্প (Scheme) অত্যন্ত দ্রুততার সঙ্গে এবং বিনামূল্যে আপনার অভিযোগের প্রতিবিধান করে।





➢ সারা ভারতের ১৫ টি অবস্থানে রয়েছেন RBI কর্তৃক নিযুক্ত আধিকারিক বা ব্যাঙ্কিং লোকপাল (Ombudsman)। একটি নির্দিষ্ট সীমা পর্যন্ত ব্যাঙ্কিং পরিষেবা ঘাটতির অভিযোগ প্রতিবিধান করা ব্যাঙ্কিং লোকপালের আওতাধীন।




➢ A

➢ অভিযোগটি একটি সাদা কাগজে লিখুন বা অনলাইনে দাখিল করুন অথবা ইমেল করে পাঠান। আপনি https://bankingombudsman.rbi.org.in ওয়েবসাইটে গিয়েও অভিযোগ দায়ের করতে পারেন।







## বার্তা ৮

## বিনামূল্যে মধ্যাহ্নভোজ সম্ভব কি! প্রতারিত হবেন না

- RBI এর নামে বা RBI এর গভর্নরের নামে বা আপনার ব্যাঙ্ক সহ অন্যান্য ব্যাঙ্কের নামে ই-মেইল/SMS বা দূরভাষ মারফত আসা প্রচুর অর্থ প্রদানের আশ্বাস দেওয়া সংবাদে প্রতারিত হবেন না।
- দেশের বা বিদেশের থেকে আসা RBI বা অন্য কোন ব্যাঙ্কের নামে বা সরকারি কোন সংগঠনের নামে লটারি জেতার অথবা সস্তায় বড়ো অংকের আমানত প্রদানের ভুয়ো ই.মেইল বা প্রস্তাবের শিকার হবেন না।
- জানা বা অজানা সংস্থা থেকে বড়ো অংকের অর্থ প্রাপ্তির প্রাথমিক জমা হিসেবে বা দালালি বা স্থানান্তর মাসুল হিসেবে কোন অর্থ পাঠাবেন না, আপনি প্রতারিত হতে পারেন।
- ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কোন সরল জমা খাতা/কারেন্ট অ্যাকাউন্ট/স্থায়ী আমানত জমা খাতা অথবা ক্রেডিট/ডেবিট কার্ডের প্রস্তাব পাঠায় না বা কোন ব্যক্তির সাথে কোন লেনদেন করে না।




- ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক/অন্যান্য ব্যাঙ্ক কখনো আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্ট/ ক্রেডিট/ ডেবিট কার্ডের বিবরণ ই-মেইল/ SMS বা দূরভাষ মারফত জিজ্ঞাসা করে না। কাউকে ওই জাতীয় তথ্য জানাবেন না।
- আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরণ, ইন্টারনেট ব্যাঙ্কিং এর ইউজার আই. ডি, পাসওয়ার্ড, ক্রেডিট/ডেবিট কার্ডের নম্বর, সিভিভি, এটিএম পিন বা ওটিপি কারো কাছে প্রকাশ করবেন না।
- লটারী জেতার প্রস্তাব, বা দেশের কোন স্থান বা বিদেশ থেকে আসা 'সস্তায় বড়ো অংকের অর্থ প্রাপ্তি'র ভুয়ো প্রস্তাব পেলেই স্থানীয় থানায় অভিযোগ জানান বা সাইবার ক্রাইম (Cyber Crime) কর্তৃপক্ষের কাছে অভিযোগ দায়ের করুন।




# বার্তা ৯

## ঝামেলামুক্ত ATM অভিজ্ঞতা লাভের জন্য যে বিষয়গুলি মনে রাখুন

- ATM থেকে আপনি আপনার অর্থ তুলতে, অর্থস্থানান্তর করতে, খাতায় জমা রাশির পরিমান জানতে, মোবাইল ব্যাঙ্কিং এর জন্য প্রস্তাব প্রেরণ করতে, বিলের অর্থ মেটাতে, আপনার আধার নম্বর ব্যাঙ্ক অ্যাকাউন্ট সংযুক্ত করা ইত্যাদি করতে পারেন।


- আপনার ATM কার্ডের বিবরণ এবং পিন (PIN) কারও কাছে প্রকাশ করবেন না। কখনো ATM কার্ড এটিএম এ রেখে আসবেন না।




- আপনি যখন আপনার পিন(PIN) টাইপ (Type) করছেন বা কার্ড সোয়াইপ করছেন তখন নিশ্চিত হয়ে নিন যে ATM -এ কোন ক্যামেরা বা অন্য কোনো যন্ত্র বসানো নেই। যতটা সম্ভব এক হাতে কী-বোর্ড (key-board) আড়াল করে অন্য হাতে পিন টাইপ (Type) করুন। ATM এ PIN টাইপ করার সময় কাউকে সেটা দেখতে দেবেন না।

- ATM থেকে বের হওয়া নোটগুলি গোনা এবং যাচাই করার কথা মনে রাখুন।

- আপনার ফোন নম্বর কার্ড প্রদানকারী ব্যাঙ্কে নথিভুক্ত করে রাখুন যাতে ATM লেনদেন এর সূচনা বার্তা পেতে পারেন।




- যদি কার্ড হারিয়ে যায়, চুরি হয়ে যায় বা যদি মনে করেন এটির গোপনীয়তা আর বজায় নেই, সঙ্গে সঙ্গে ব্যাংকে যোগাযোগ করে কার্ডটি বন্ধ বা নিষ্ক্রিয় করুন।

- অভিযোগ পাওয়ার ৭ টি কার্যদিবসের মধ্যে ব্যাঙ্ককর্তৃক আপনার অভিযোগের প্রতিবিধান করতে হবে অথবা আপনাকে দিনপ্রতি একশো টাকা হারে ক্ষতিপূরণ দিতে হবে(যদি অভিযোগটি লেনদেন হবার ৩০ দিনের মধ্যে দাখিল হয়ে থাকে)।

- আপনার এটিএম কার্ডের পিন(PIN) নিয়মিত পাল্টান।

- কার্ড (Card) ব্যবহারের পূর্বে এটিএম কক্ষে কোন সন্দেহজনক ঘটনা ঘটছে কিনা বা এটিএম যন্ত্রে কোন সন্দেহজনক বস্তু আছে কিনা দেখে নিন।



## বার্তা ১০


## আপনার কষ্টার্জিত অর্থ শুধুমাত্র নিবন্ধিত সংস্থাতেই বিনিয়োগ করুন

- আপনার কষ্টার্জিত অর্থ সুরক্ষার জন্য RBI, SEBI, IRDA, PFRDA বা রাজ্য সরকার দ্বারা নিবন্ধিত সংস্থাতেই বিনিয়োগ করুন। www.sachet.rbi.org.in ওয়েবসাইট টি দেখুন যেখানে ওই সমস্ত নিবন্ধিত সংস্থার তালিকা দেওয়া আছে।

- স্বল্প সময়ে বেশি লাভ প্রদানের বা নিশ্চিত অর্থ প্রাপ্তির প্রতিশ্রুতি-পূর্ণ প্রকল্পের প্রতি প্রলুব্ধ হবেন না। ওই সমস্ত প্রকল্পগুলি জালিয়াতি হতে পারে এবং আপনার কষ্টার্জিত অর্থ হাতিয়ে নিয়ে ওই সমস্ত সংস্থার প্রবর্তকেরা পালিয়ে যেতে পারে।

- যে সমস্ত সংস্থা বাণিজ্যিক ব্যাঙ্কের তুলনায় কম সুদের হারে ঋণ প্রদানের প্রস্তাব দেয় তারা প্রক্রিয়াকরণ মাসুল হাতিয়ে নিয়ে বিলুপ্ত হয়ে যেতে পারে।

- আপনার জমা করা রাশি বা কোন প্রকল্পে সংগৃহীত অর্থ প্রত্যর্পণে অপারগ হয়েছে এমন কোন সংস্থা সম্পর্কে কোন তথ্য বা অভিযোগ থাকলে আপনি www.sachet.rbi.org.in ওয়েবসাইট টি দেখতে পারেন।






## বার্তা ১১

**অপবিক্রয় (মিস সেলিং ) – কোন আমানত জমা করতে ব্যাঙ্কে গেলেন কিন্তু ফিরে এলেন এমন একটি বীমা প্রকল্প নিয়ে যা আপনি বুঝছেন না**


- আপনার ক্ষেত্রে কখনও কি এমন ঘটেছে যে আপনি আপনার ব্যাঙ্কে একটি মেয়াদী জমা বিনিয়োগ করতে চাইলেন, বিনিময়ে ব্যাঙ্ক আপনাকে একটি বীমা প্রকল্প গছাতে চাইল?

- বীমা প্রকল্প আপনার প্রয়োজন বুঝলে তবেই গ্রহণ করুন। মনে রাখবেন ব্যাঙ্ক আপনাকে আপনার প্রয়োজন না থাকলে বীমা প্রকল্প কিনতে বাধ্য করতে পারে না।


- কোনো ফর্মে সই করার আগে তা পড়ে দেখবার মত কয়েক মিনিট সময় নিন।

- আপনার ব্যাঙ্ক যদি কোনো উপাদান ( Product ) আপনাকে বিক্রি করতে চায় তবে ওই উপাদান আপনার ক্ষেত্রে উপযুক্ত কিনা তা নিশ্চিত না হওয়া পর্যন্ত কিনবেন না।

- যদি আপনার মনে হয় যে ব্যাঙ্ক আপনাকে ভুল বুঝিয়ে কোনো আর্থিক উপাদান বিক্রি করেছে তবে অভিযোগ দায়ের করতে দ্বিধা করবেন না।







भारतीय रिज़र्व बैंक
RESERVE BANK OF INDIA